

❏ ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ ছালাতুর রাসূল (ছাঃ) (صلاة الرسول ﷺ)

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

ক্বাযা ছালাত (قضاء الفوائت)

ক্বাযা ছালাত দ্রুত ও ধারাবাহিকভাবে এক্রামত সহ আদায় করা বাঞ্ছনীয়। [242] খন্দকের যুদ্ধের দিন রাসূলুল্লাহ (ছাঃ) ও ছাহাবীগণ মাগরিবের পরে যোহর থেকে এশা পর্যন্ত চার ওয়াক্তের ক্বাযা ছালাত এক আযান ও চারটি পৃথক এক্রামতে পরপর জামা'আত সহকারে আদায় করেন। [243] রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, مَنْ نَسِيَ صَلَاةً أَوْ نَامَ 'কেউ ভুলে গেলে অথবা ঘুমিয়ে গেলে তার কাফফারা হ'ল ঘুম ভাঙলে অথবা স্মরণে আসার সাথে সাথে ক্বাযা ছালাত আদায় করা'। [244]

‘উমরী ক্বাযা’ অর্থাৎ বিগত বা অতীত জীবনের ক্বাযা ছালাত সমূহ বর্তমানে নিয়মিত ফরয ছালাতের সাথে যুক্ত করে ক্বাযা হিসাবে আদায় করা সম্পূর্ণরূপে একটি বিদ‘আতী প্রথা’। [245] কেননা ইসলাম তার পূর্বেকার সবকিছুকে ধ্বসিয়ে দেয় [246] এবং খালেছভাবে তওবা করলে আল্লাহ তাঁর বান্দার বিগত সকল গোনাহ মাফ করে দেন। [247] অতএব এমতাবস্থায় উচিৎ হবে, বেশী বেশী নফল ইবাদত করা। কেননা ফরয ইবাদতের ঘাটতি হ'লে ক্বিয়ামতের দিন আল্লাহর হুকুমে নফল ইবাদতের নেকী দ্বারা তা পূর্ণ করা হবে। [248]

ফুটনোট

[242] . মুসলিম হা/১৫৬০/৬৮০ ‘মসজিদসমূহ’ অধ্যায়-৫ ‘ক্বাযা ছালাত দ্রুত আদায় করা মুস্তাহাব’ অনুচ্ছেদ-৫৫।

[243] . নাসাঈ হা/৬৬২; ফিরকহুস সুন্নাহ ১/৯১ পৃঃ; নায়ল ২/৯০ পৃঃ।

[244] . মুত্তাফারু ‘আলাইহ, মিশকাত হা/৬০৩-০৪ ‘আগেভাগে ছালাত আদায়’ অনুচ্ছেদ-২; মুসলিম, মিশকাত হা/৬৮৪, ‘দেৱীতে আযান’ অনুচ্ছেদ-৬; ফিরকহুস সুন্নাহ ১/৮২, ২০৫।

[245] . আলোচনা দ্রষ্টব্য: আলবানী-মিশকাত হা/৬০৩, টীকা-২।

[246] . মুসলিম, মিশকাত হা/২৮ ‘ঈমান’ অধ্যায়।

[247] . আল-ফুরকান ২৫/৭১; যুমার ৩৯/৫৩।

[248] . আবুদাউদ হা/৮৬৪-৬৬; তিরমিযী, নাসাঈ, মিশকাত হা/১৩৩০, ‘ছালাতুত তাসবীহ’ অনুচ্ছেদ-৪০;

ফিক্‌হুস সুন্নাহ ১/২০৫।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=9218>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন